



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ছানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

প্রশাসন শাখা-৮

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ আগস্ট ২০০৭/২১ শ্রাবণ ১৪১৪

এস, আর, ও নং ১৯৪-আইন/২০০৭।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে বাংলাদেশ সচিবালয় বহুমুখী সমবায় সমিতি লিমিটেড-কে উহার অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সম্পর্কিত বিষয়ে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

### শর্ত :

- (ক) ঢাকা জেলা সমবায় কার্যালয়ের বিগত ২২-০৮-০৭ তারিখের আদেশ নং ২২৯৭ দ্বারা গঠিত উক্ত সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, উক্ত কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হইতে পরবর্তী ১(এক) বৎসর পর্যন্ত উক্ত সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব পালন করিবে ;
- (খ) উক্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি উক্ত সময়সীমার মধ্যে উক্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করিবে এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবে ;

(৭২৮১)

মূল্য : টাকা ২.০০

- (গ) অন্তর্ভুক্ত ব্যবস্থাপনা কমিটি প্রতি ১(এক) মাসে অন্ততঃ একটি রিপোর্টের মাধ্যমে নির্বাচন কার্যক্রম এবং সমিতির অন্যান্য কার্যক্রম সম্পর্কে নিবন্ধকের নিকট প্রতিবেদন প্রেরণ করিবে;
- (ঘ) দফা (গ) এ উল্লিখিত কোন বিষয়ে নিবন্ধক কোন নির্দেশনা প্রদান করিলে অন্তর্ভুক্ত ব্যবস্থাপনা কমিটি উহা পালন করিবে।

২। ইহা ২২ জুলাই, ২০০৭ ইং তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রনজিত কুমার দেব  
সিনিয়র সহকারী সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।